

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.doict.gov.bd
(পরিকল্পনা ও উন্নয়ন শাখা)

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০৯.১৬.০১০.১৫- ৫২৫

তারিখ: ১০ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ
২৩ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয়: ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পাদন।

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৮২১.২৯.০৪৯.১৫.১১৮, তারিখ: ৩০/০৬/২০১৫;
(২) আইসিটি বিভাগের স্মারক নং- ৫৬.০০.০০০০.০১৫.১৮.০৩৭.১৫-৪৫১, তারিখ: ১৪/০৬/২০১৫;

সরকার রূপকল্প ২০২১-এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে একটি কার্যকর, দক্ষ এবং গতিশীল প্রশাসনিক ব্যবস্থা গঠনে সচেষ্ট। এ প্রেক্ষিতে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য সরকারি দপ্তর/সংস্থাসমূহের কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এরই ধারাবাহিকতায় গত ২৬/০৬/২০১৬ খ্রি. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব -এর সাথে এ অধিদপ্তরের মহাপরিচালকের মধ্যে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম খসড়া গত ০২/০৪/২০১৭ খ্রি. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে।

০২। উক্ত কর্মসম্পাদন চুক্তিতে অধিদপ্তর এর সাথে এর আওতাধীন মাঠপর্যায়ের অফিস সমূহের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। ফলে মাঠপর্যায়ের অফিসসমূহ কর্তৃক দ্রুত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রণয়ন করা একান্ত জরুরী। চুক্তির খসড়া প্রণয়নের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নীতিমালা ২০১৭-১৮ অনুসরণীয় (<http://www.cabinet.gov.bd/> হতে সংগ্রহ করা যাবে)। এছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০১৬-১৭ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০১৬-১৭ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তব উদাহরণ হিসেবে পর্যালোচনা করা যেতে পারে (আইসিটি বিভাগ ও আইসিটি অধিদপ্তরের ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে)। ৬৪ জেলার দায়িত্ব প্রাপ্ত প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার নিজ জেলার অন্যান্য উপজেলার সহকারী প্রোগ্রামারদের সাথে সমন্বয়করে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রস্তুত করবেন।

০৩। এমতাবস্থায়, অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণকে আগামী ২৭/০৪/২০১৭ খ্রি. তারিখের মধ্যে নিজ নিজ কার্যালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রস্তুতপূর্বক হার্ডকপি ও সফটকপিসহ (ই-মেইল: apadoict.du@gmail.com, subject: District Name/2017-18 APA) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃলুৎফুর রহমান)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোনঃ +৮৮০ ২ ৮১৮১০৫৩ (অফিস)

বিতরণ:

১। প্রোগ্রামার (সকল)

২। সহকারী প্রোগ্রামার (জেলা সদর)/ সহকারী প্রোগ্রামার (সকল)

অনুলিপি:

১। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। অফিস কপি/মাস্টার ফাইল।